# UNIT 02

# The Alphabet, Words and Numbers
## [অ্যাল্‌ফাবেট্‌, ওয়া:ড্‌স্‌ আন্‌ড্‌ নামবা(র্‌)স্‌]
## বর্ণমালা, শব্দাবলি এবং সংখ্যাসমূহ

## UNIT-02 LESSON-01

## Words with a A — e E
## (ওয়া:ড্‌স্‌ উইদ্‌ এ/অ্যা-ঈ) – a A থেকে e E দিয়ে শুরু শব্দসমূহ

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা ছবি দেখে ব্যক্তি/বস্তু/প্রাণী চিনতে এবং নতুন শব্দ শিখতে পারবে।

**Activity A**-তে শিক্ষক ছবি দেখিয়ে শিক্ষার্থীদের কিছু নাম শুনাবেন এবং বলতে বলবেন। **Activity B**-তে শিক্ষক ছবিগুলো আলাদাভাবে দেখাবেন এবং একই কাজ করবেন। **Activity C**-তে সেই নামগুলোর উপর হাত ঘুরিয়ে লিখতে বলবেন। **Activity D**-তে Letter উল্টোপাল্টা করা কিছু শব্দ ছবি দেখে পুনর্বিন্যাস করে লিখতে বলবেন। **Activity E**-তে ছবিতে নাম লিখতে বলবেন এবং F-এ নামের সাথে ছবি মেলাতে বলবেন। **Activity G**-তে প্লাস্টিকের বর্ণ হাতে পাশাপাশি দাঁড়িয়ে শব্দ তৈরি করতে বলবেন।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারবো–

- Reading aloud simple words using the sounds of letters and letter groups. (বর্ণ এবং বর্ণসমষ্টির ধ্বনি ব্যবহার করে সরল শব্দগুলো উচ্চস্বরে পড়া।)
- Writing familiar words neatly and legibly. (পরিচিত শব্দগুলো পরিচ্ছন্ন ও স্পষ্ট করে লেখা।)

### VOCABULARY (ভক্যাবিউলারি)– শব্দভাণ্ডার

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| ant | অ্যান্‌ট্‌ | পিঁপড়া |
| bird | বা:ড্‌ | পাখি |
| boat | বৌট | নৌকা |
| crow | ক্রোউ | কাক |

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| deer | ডিআ(র্‌) | হরিণ |
| ear | ইআ(র্‌) | কান |
| elephant | এলিফান্‌ট্‌ | হাতি |

### মূলপাঠ (TEXT) অনুশীলন করি ও শিখে নিই (Let's Practice & Learn)

**Language Focus** Letter, Alphabet এবং Number-এর পরিচয়

- ইংরেজি ভাষায় ২৬টি Letter [লেটা(র্‌)] বা বর্ণ রয়েছে। এই ২৬টি Letter-কে একত্রে alphabet (অ্যাল্‌ফাবেট্‌) বা বর্ণমালা বলা হয়। যথা– A, B, C, D, E, F, G, H, I, J, K, L, M, N, O, P, Q, R, S, T, U, V, W, X, Y, Z।
  – এদের মধ্যে a, e, i, o, u-এই পাঁচটিকে vowel (ভাউআল্‌) বলে।
  – অবশিষ্ট ২১টি letter-কে consonant (কন্‌সানান্‌ট্‌) বলা হয়।
- এক বা একাধিক letter একত্রিত হয়ে যদি কোনো অর্থ প্রকাশ করে তবে তাকে word (ওয়া:ড্‌) বা শব্দ বলে।
  – একটি letter-এর word : I (আমি), A (একটি)
  – একাধিক letter-যুক্ত word : You (তুমি), Fish (মাছ), He (সে)
- ইংরেজিতে ব্যবহৃত কয়েকটি সংখ্যা হলো :

| | | |
|---|---|---|
| 1 = one [ওয়ান্‌] | 11 = eleven [ইলেভ্‌ন্‌] | 21 = twenty-one [টোয়েন্‌টি-ওয়ান] |
| 2 = two [টূ] | 12 = twelve [টোয়েলভ্‌] | 22 = twenty-two [টোয়েন্‌টি-টূ] |
| 3 = three [থ্রী] | 13 = thirteen [থা:টীন্‌] | 23 = twenty-three [টোয়েন্‌টি-থ্রী] |

| | | |
|---|---|---|
| 4 = four [ফো(র্)] | 14 = fourteen [ফো:টীন্] | 24 = twenty-four [টোয়েন্টি-ফো(র্)] |
| 5 = five [ফাইভ্] | 15 = fifteen [ফিফ্টীন্] | 25 = twenty-five [টোয়েন্টি-ফাইভ্] |
| 6 = six [সিক্স্] | 16 = sixteen [সিক্স্টীন্] | 26 = twenty-six [টোয়েন্টি-সিক্স্] |
| 7 = seven [সেভ্ন্] | 17 = seventeen [সেভ্ন্টীন্] | 27 = twenty-seven [টোয়েন্টি-সেভ্ন্] |
| 8 = eight [এইট্] | 18 = eighteen [এইটীন্] | 28 = twenty-eight [টোয়েন্টি-এইট্] |
| 9 = nine [নাইন্] | 19 = nineteen [নাইন্টীন] | 29 = twenty-nine [টোয়েন্টি-নাইন্] |
| 10 = ten [টেন্] | 20 = twenty [টোয়েন্টি] | 30 = thirty [থা:টি] |

**A** **Look at the picture. Listen and say the names.** [লুক অ্যাট দা পিকচা(র) । লিস্ন্ আন্ড্ সেই দা নেইম্স্ ।]– ছবিটির দিকে তাকাও । শোনো এবং নামগুলো বলো ।




**Ans.** Elephant (হাতি) Bird (পাখি) Deer (হরিণ) Boat (নৌকা)

**B** **Look, listen and say. Read.**
(লুক, লিস্ন্ আন্ড্ সেই । রীড্ ।)– দেখো, শোনো এবং বলো । পড়ো ।

| aA | bB | cC | dD | eE |
|---|---|---|---|---|
|  |  |  |  |  |
| ant (অ্যান্ট্)– পিঁপড়া | boat (বৌট্)– নৌকা | crow (ক্রোউ)– কাক | deer [ডিআ(র্)]– হরিণ | ear [ইআ(র্)]– কান |

**C** **Read. Trace and write.**
(রীড্ । ট্রেইস্ আন্ড্ রাইট্ ।)– পড়ো । উপর দিয়ে হাত ঘোরাও এবং লেখো ।

ant (পিঁপড়া) ant

boat (নৌকা) boat

crow (কাক) crow

deer (হরিণ) deer

ear (কান) ear

**D** **Rearrange the letters to make words. Or, rearrange the wooden / plastic letters to make the following words.** [রীআরেইন্‌জ্‌ দা লেটা(র্‌)স্‌ টু মেইক্‌ ওয়া:ড্‌স্‌। ও(র্‌) রীআরেইন্‌জ্‌ দা উড্‌ন/প্লাস্‌টিক্‌ লেটা(র্‌)স্‌ টু মেইক্‌ দা ফলৌয়িং ওয়া:ড্‌স্‌।]– শব্দ তৈরি করতে বর্ণগুলোকে পুনরায় সাজাও। অথবা কাঠের/প্লাস্টিকের বর্ণগুলোকে পুনরায় সাজিয়ে নিচের শব্দগুলো তৈরি করো।

**Ans.**



ant (অ্যান্‌ট্‌)– পিঁপড়া

ant



ball (বল্‌)– বল

ball



ear [ইআ(র)]– কান

ear



boat (বৌট্‌)– নৌকা

boat



crow (ক্রোউ)– কাক

crow



deer [ডিআ(র)]– হরিণ

deer

**E** **Write the names beside the pictures.**

[রাইট্‌ দা নেইম্‌স্‌ বিসাইড্‌ দা পিকচা(র্‌)স্‌।]– ছবিগুলোর পাশে নাম লেখো।

**Ans.**




ইংরেজি

**F** **Read the words and match them with the pictures you like.**
[রীড দা ওয়াড্স্ আন্ড্ ম্যাচ্ দেম্ উইদ্ দা পিকচা(র্)স্ ইউ লাইক্।]– শব্দগুলো পড়ো এবং তোমার পছন্দের ছবির সাথে মিল করো।



deer [ডিআ(র)]– হরিণ





boat (বৌট্)– নৌকা



প্রিয় শিক্ষার্থী, উপরের প্রথম ছবিতে একটি 'মুক্ত/স্বাধীন হরিণ' আরেকটি 'খাঁচায় বন্দী' হরিণ দেখা যাচ্ছে। তোমার কোন ছবিটি পছন্দ তা দাগ টেনে দেখাও। একইভাবে, দ্বিতীয় ছবির একটিতে 'অতিরিক্ত যাত্রী বোঝাই একটি নৌকা' ও 'অল্প যাত্রী বোঝাই' অপর একটি নৌকা দেখানো হয়েছে। বেশি যাত্রী বোঝাই নৌকা ডুবে যাবার ঝুঁকি রয়েছে। অপরটি কম যাত্রী থাকায় ডুবে যাবার ঝুঁকি নেই। তুমি কোন নৌকায় উঠবে সেটি দাগ টেনে দেখাও।



**G** **Play the game in groups.** (প্লেই দা গেইম ইন গ্রুপ্স্।)– দলে দলে খেলাটি খেলো।

**Every student takes in hand a letter card or wooden/plastic letter. Stand in a line and show your letters to make a word like dog, cat and crow. Then make that animal's sound and movement.** [এভ্রি স্টুউড্‌ন্ট্ টেইক্স্ ইন্ হ্যান্ড্ আ লেটা(র) কা:ড্ ও(র) উড্‌ন/প্লাস্‌টিক লেটা(র)। স্ট্যান্ড্ ইন আ লাইন আন্ড্ শো ইয়ো(র) লেটা(র)স্ টু মেইক আ ওয়া:ড্ লাইক ডগ্ ক্যাট আন্ড্ ক্রোউ। দেন মেইক দ্যাট অ্যানিম্‌ল্স্ সাউন্ড্ আন্ড্ মূভ্‌মান্ট্।]– প্রত্যেক ছাত্র/ছাত্রী হাতে বর্ণ কার্ড অথবা কাঠের/প্লাস্টিকের বর্ণ নাও। এক সারিতে দাঁড়াও এবং কুকুর, বিড়াল এবং কাক প্রভৃতির মতো শব্দ তৈরি করতে তোমার বর্ণগুলোকে প্রদর্শন করো। তারপর ঐ প্রাণীর শব্দ তৈরি করো এবং এটার গতিবিধি দেখাও।

**Ans.**
চারজন ছাত্রের প্রত্যেকে একটি প্রাণীর নামের লেটার কার্ড/কাঠের কার্ড হাতে নিবে। যে ছাত্র যেই প্রাণীর নাম হাতে নিবে সেই প্রাণীর আওয়াজ মুখে উচ্চারণ করবে।

## UNIT-02 LESSON-02 — Numbers 1-5
## [নাম্‌বা(র্)স্ ওআন্ টু ফাইভ্] – ১ থেকে ৫ পর্যন্ত সংখ্যা

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা ছবি দেখে গণনা করতে এবং সংখ্যাগুলো কথায় লিখতে শিখবে।
**Activity A**-তে শিক্ষক শিক্ষার্থীদের বিভিন্ন ধরনের ঘুড়ি দেখাবেন এবং সেগুলোকে আলাদা করে গণনা করতে বলবেন। **Activity B**-তে সেই ঘুড়িগুলোর ছবি আলাদাভাবে দেখিয়ে গণনা করতে এবং পড়তে বলবেন। **Activity C**-তে সংখ্যাগুলোর নামের উপর হাত ঘুরিয়ে লিখতে বলবেন। **Activity D**-তে ছবির সংখ্যা গুণে সংখ্যার সাথে মিলাতে বলবেন এবং সংখ্যাগুলো কথায় লিখতে বলবেন। **Activity E**-তে সংখ্যা লেখা কার্ডের সাথে সংখ্যাগুলোর কথায় লেখা কার্ড মিলাতে বলবেন।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারবো–
- Reading aloud cardinal numbers in figures and words properly. (অঙ্কে এবং কথায় লেখা অঙ্কবাচক সংখ্যাগুলো যথাযথভাবে উচ্চ স্বরে পড়া।)
- Writing cardinal numbers in figures and words neatly and legibly. (অঙ্কবাচক সংখ্যাগুলো পরিচ্ছন্ন এবং স্পষ্টভাবে অঙ্কে এবং কথায় লেখো।)

## VOCABULARY (ভক্যাব্যিউলারি)– শব্দভান্ডার

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| count | কাউন্ট্ | গণনা করা |
| different | ডিফ্‌রান্ট্ | ভিন্ন |
| five | ফাইভ্ | পাঁচ |
| four | ফো(র্) | চার |
| match | ম্যাচ্ | মিল করা |

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| one | ওয়ান | এক |
| three | থ্রী | তিন |
| two | টূ | দুই |
| type | টাইপ্ | ধরন |
| wooden | উড্‌ন্ | কাঠের তৈরি |

## মূলপাঠ (TEXT) 2 অনুশীলন করি ও শিখে নিই (Let's Practice & Learn)

**A** **Look at the picture. Count the different types of kite.** [লূক্ অ্যাট্ দা পিক্(চার্)। কাউন্ট্ দা ডিফ্‌রান্ট্ টাইপ্‌স্ অভ্ কাইট্।]– ছবির দিকে তাকাও। বিভিন্ন ধরনের ঘুড়ি গণনা করো।



**Ques. How many types of kites are there in the picture?** (ছবিতে কয় ধরনের ঘুড়ি রয়েছে?)

**Ans.** Five types of kites are there in the picture. (ছবিতে পাঁচ ধরনের ঘুড়ি রয়েছে।)

**B** **Look, listen and say. Count and read.** (লূক্, লিস্‌ন আন্‌ড্ সেই। কাউন্ট্ আন্‌ড্ রীড্।)– দেখো, শোনো এবং বলো। গণনা করো এবং পড়ো।

**Ans.**



| 1 | 2 | 3 | 4 | 5 |
|---|---|---|---|---|
| one | two | three | four | five |
| (ওয়ান্)– এক | (টূ)– দুই | (থ্রী)– তিন | [ফো(র্)]– চার | (ফাইভ্)– পাঁচ |

**C** **Read. Trace and write.**

(রীড্। ট্রেইস্ আন্‌ড্ রাইট।)– পড়ো। উপর দিয়ে হাত ঘোরাও এবং লেখো।

one (এক) one

two (দুই) two

three (তিন) three

four (চার) four

five (পাঁচ) five

**D** **Read, count and match. Write the numbers in words. Circle your favourite flowers.** [রীড্, কাউন্‌ট্ আন্‌ড্ ম্যাচ্। রাইট দা নামবা(র্)স্ ইন ওয়া:ড্স্। সাক্‌ল্ ইওর ফেইভ্‌রিট্ ফ্লাউআ(র্)স্।]– পড়ো, গণনা করো এবং মিল করো। সংখ্যাগুলোকে কথায় লেখো। তোমার প্রিয় ফুলগুলোকে গোল করো।

**Ans.**



| | |
|---|---|
| 4 | Four (চার) |
| 2 | Two (দুই) |
| 1 | One (এক) |
| 3 | Three (তিন) |
| 5 | Five (পাঁচ) |

**E** **Match the number cards or wooden or plastic numbers 1-5 with their word cards.** [ম্যাচ্ দা নামবা(র্) কা:ড্স্ ও(র্) উড্‌ন্ ও(র্) প্লাস্‌টিক্ নাম্‌বা(র্)স্ ওআন্ টু ফাইভ্ উইদ্ দেআ(র্) ওয়া:ড্ কা:ড্স্।]– এক থেকে পাঁচ সংখ্যা কার্ড অথবা কাঠ বা প্লাস্টিক সংখ্যার সাথে তাদের শব্দ কার্ডের মিল করো।

**Ans.**



# UNIT-02 LESSON-03 — Words for f F—j J

[ওয়া:ড্স্ ফ(র্) এফ্ টু জে] — f F থেকে j J দিয়ে শুরু শব্দসমূহ

## পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা ছবি দেখে চিনতে এবং নতুন শব্দ শিখতে পারবে।

**Activity A**-তে শিক্ষক ছবি দেখিয়ে শিক্ষার্থীদের কিছু নাম শুনাবেন এবং বলতে বলবেন। **Activity B**-তে শিক্ষক ছবিগুলো আলাদাভাবে দেখাবেন এবং একই কাজ করবেন। **Activity C**-তে সেই নামগুলোর উপর হাত ঘুরিয়ে লিখতে বলবেন। **Activity D**-তে Letter উল্টোপাল্টা করা কিছু শব্দ ছবি দেখে পুনর্বিন্যাস করে লিখতে বলবেন। **Activity E**-তে ছবির সাথে সাথে নামগুলো মিলাতে বলবেন এবং শিক্ষার্থীদের পছন্দের প্রাণীকে গোল করতে বলবেন। **Activity F**-এ ছবি দেখে নাম লিখতে বলবেন। **Activity G**-তে প্লাস্টিকের বর্ণ হাতে পাশাপাশি দাঁড়িয়ে শব্দ তৈরি করতে বলবেন।

## অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারবো–

- Reading aloud simple words using the sounds of letters and letter groups. (বর্ণ এবং বর্ণসমষ্টির ধ্বনি ব্যবহার করে সরল শব্দগুলো উচ্চস্বরে পড়া।)
- Writing familiar words neatly and legibly. (পরিচিত শব্দগুলো পরিচ্ছন্ন এবং স্পষ্টভাবে লেখা।)



## VOCABULARY (ভক্যাবিউলারি)– শব্দভাণ্ডার

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| fish | ফিশ্ | মাছ |
| flower | ফ্লাউআ(র্) | ফুল |
| frog | ফ্রগ্ | ব্যাঙ |
| garlic | গা:লিক্ | রসুন |
| goat | গোউট | ছাগল |
| hen | হেন্ | মুরগি |

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| honey | হানি | মধু |
| hut | হাট্ | কুটির |
| insect | ইন্সেক্ট্ | পতঙ্গ |
| island | আইল্যান্ড্ | দ্বীপ |
| jug | জাগ | জগ |
| jute | জুট্ | পাট |

## মূলপাঠ (TEXT) — অনুশীলন করি ও শিখে নিই (Let's Practice & Learn)

**A** **Look at the picture. Listen and say the names.** (লুক্ অ্যাট্ দা পিক্চা(র্)। লিস্ন্ আন্ড্ সেই দা নেইম্স্।)– ছবিটির দিকে তাকাও। নামগুলো শোনো এবং বলো।



**B** **Look, listen and say. Read.**
(লুক্, লিস্‌ন্ আন্‌ড্ সেই। রীড্।)– দেখো, শোনো এবং বলো। পড়ো।

| fF | gG | hH | iI | jJ |
|---|---|---|---|---|
|  |  |  |  |  |
| frog<br>(ফ্রগ্)– ব্যাঙ | garlic<br>(গা:লিক্)– রসুন | honey<br>(হানি)– মধু | island<br>(আইল্যান্‌ড্)– দ্বীপ | jute<br>(জুট্)– পাট |

**C** **Read. Trace and write.**
(রীড্। ট্রেইস্ আন্‌ড্ রাইট্।)– পড়ো। উপর দিয়ে হাত ঘোরাও এবং লেখো।

frog (ব্যাঙ) frog

garlic (রসুন) garlic

honey (মধু) honey

island (দ্বীপ) island

jute (পাট) jute

**Focus on word practice**

উপরের শব্দগুলো ডট বা বিন্দু দিয়ে লেখা রয়েছে। প্রথমে প্রতিটি শব্দের উপর পেন্সিল দিয়ে হাত ঘোরাও। এরপর প্রতিটি শব্দ নিচের সারিতে পুনরায় লেখ।

এই Lesson-এ ব্যবহৃত F, G, H, I, J-এই বর্ণগুলো দিয়ে গঠিত কয়েকটি নতুন শব্দ শিখে নাও :

F– Frog (ব্যাঙ); G– Goat (ছাগল); H– Hen (মুরগী); I– insect (পতঙ্গ); J– Jute (পাঠ)

**D** **Rearrange the letters to make words. Or, rearrange the wooden / plastic letters to make the following words.** [রীআরেইন্‌জ্ দা লেটা(র্)স্ টু মেইক্ ওয়া:ড্‌স্। ও(র্), রীআরেইন্‌জ্ দা উড্‌ন্/প্লাস্টিক্ লেটা(র্)স্ টু মেক্ দা ফলৌয়িং ওয়া:ড্‌স্।]– শব্দ তৈরি করতে বর্ণগুলোকে পুনরায় সাজাও। অথবা, কাঠের/প্লাস্টিকের বর্ণগুলোকে পুনরায় সাজিয়ে নিচের শব্দগুলো তৈরি করো।

**Ans.**

| | | |
|---|---|---|
|  |  |  |
| honey (হানি)– মধু | island (আইল্যান্‌ড্)– দ্বীপ | frog (ফ্রগ্)– ব্যাঙ |
| honey | island | frog |

৫ ইংরেজি



jute (জুট্)– পাট

jute



garlic (গা:লিক্)– রসুন

garlic



fish (ফিশ্)– মাছ

fish

**E** **Read and match. Circle your favorite animal/animals.** [রীড্ আন্ড্ ম্যাচ্। সাক্ল্ ইয়ো(র্) ফেইভ্রিট্ অ্যানিম্ল্/অ্যানিম্ল্স্।]– পড়ো এবং মিল করো। তোমার প্রিয় প্রাণী/ প্রাণীগুলোকে গোল করো।

**Ans.**




**F** **Write the names of the pictures.**
[রাইট্ দা নেইম্স্ অভ্ দা পিক্চা(র্)স্।]– ছবিগুলোর নাম লেখো।

**Ans.**



honey
(হানি)– মধু



island
(আইল্যান্ড্)– দ্বীপ



frog
(ফ্রগ্)– ব্যাঙ



jute
(জুট্)– পাট



garlic
(গা:লিক্)– রসুন

**G** **Play the game in groups.** (প্লেই দা গেইম্ ইন্ গ্রুপস্।)– দলে দলে খেলাটি খেলো।

Every student takes in hand a letter card or wooden/plastic letter. Stand in a line and show your letters to make a word like frog, insects, goat, hen. Then make that animal's sound and movement. [এভ্রি স্টুউডন্ট্ টেইক্স্ ইন হ্যান্ড্ আ লেটা(র্) কা:ড্ ও:(র্) উড্ন্/প্লাস্টিক্ লেটা(র্)। স্ট্যান্ড্ ইন আ লাইন আন্ড্ শো ইয়ো(র্) লেটা(র্)স্ টু মেইক আ ওয়া:ড্ লাইক

ফ্রগ্, ইন্সেক্ট্স্, গোট, হেন। দেন মেইক দ্যাট অ্যানিম্ল্স্ সাউন্ড্ আন্ড্ মূভ্মান্ট্।]– প্রত্যেক ছাত্র/ছাত্রী হাতে বর্ণ কার্ড অথবা কাঠের/প্লাস্টিকের বর্ণ নাও। এক সারিতে দাঁড়াও এবং ব্যাঙ, পোকামাকড়/পতঙ্গ, ছাগল, মুরগি প্রভৃতির মতো শব্দ তৈরি করতে তোমার বর্ণগুলোকে প্রদর্শন করো। তারপর ঐ প্রাণীর শব্দ তৈরি করো এবং গতিবিধি/নড়াচড়া দেখাও।

**Ans.**

চারজন ছাত্রের প্রত্যেকে একটি প্রাণীর নামের লেটার কার্ড/কাঠের কার্ড হাতে নিবে। যে ছাত্র যেই প্রাণীর নাম হাতে নিবে সেই প্রাণীর ডাক/আওয়াজ মুখে উচ্চারণ করবে।

**বিভিন্ন পশু-পাখি ও প্রাণীর ডাক/আওয়াজ নিম্নরূপ**

asses → bray (গাধার ডাক)
bees → hum (মৌমাছির গুনগুন)
birds → sing/charping (পাখি গান করে)
cats → mew (বিড়ালের মিউ মিউ)
crows → caw (কাকের কা-কা রব)
dogs → bark (কুকুরের ঘেউ ঘেউ)
ducks → quack (হাঁসের প্যাঁক প্যাঁক)
frogs → croak (ব্যাঙের গ্যাঙর গ্যাং)
flies → buzz (মৌমাছির ভন ভন)
horses → neigh (ঘোড়ার হ্রেষাধ্বনি)
jackals → howl (শিয়ালের হুক্কা-হুয়া)
lions → roar (সিংহের গর্জন)
owls → hoot (পেঁচার হুম হুম)
peacock → scream (ময়ূরের কেকা)
snakes → hiss (সাপের হিস হিস)
swallows → twitter (আবাবিল পাখির কিচিরমিচির)
tigers → roar (বাঘের গর্জন)
wolves → howl (নেকড়ের গর্জন)

UNIT-02
LESSON-04

## Numbers 6-10
## [নাম্বা(র্)স্ সিক্স্ টু টেন্] – ৬ থেকে ১০ সংখ্যা

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা ছবি দেখে গণনা করতে এবং সংখ্যাগুলো কথায় লিখতে শিখবে।
**Activity A**-তে শিক্ষক শিক্ষার্থীদের ছবি দেখিয়ে বলতে বলবেন তারা কী দেখছে। **Activity B**-তে বিভিন্ন ধরনের সবজি দেখিয়ে সংখ্যা গণনা করে শোনাবেন এবং বলতে বলবেন। **Activity C**-তে সংখ্যাগুলোর নামের উপর হাত ঘুরিয়ে লিখতে বলবেন। **Activity D**-তে উল্টোপাল্টা লেখা সংখ্যাগুলোর নাম পুনর্বিন্যাস করে সংখ্যার সাথে মিলাতে বলবেন। **Activity E**-তে ১-১০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে বলবেন।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারবো–
- Reading aloud cardinal numbers in figures and words properly. (অঙ্কে এবং কথায় লেখা অঙ্কবাচক সংখ্যাগুলো ঠিকভাবে উচ্চস্বরে পড়া।)
- Writing cardinal numbers in figures and words neatly and legibly. (অঙ্কবাচক শব্দগুলো পরিচ্ছন্ন এবং স্পষ্টভাবে অঙ্কে এবং কথায় লেখা।)

### VOCABULARY (ভক্যাবিউলারি)– শব্দভান্ডার

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| count | কাউন্ট্ | গণনা করা |
| eight | এইট্ | আট |
| make | মেইক্ | তৈরি করা |
| nine | নাইন্ | নয় |
| rearrange | রীআরেইন্জ্ | পুনরায় সাজানো |
| seven | সেভ্ন্ | সাত |
| six | সিক্স্ | ছয় |
| ten | টেন্ | দশ |

**মূলপাঠ (TEXT)** (2) **অনুশীলন করি ও শিখে নিই (Let's Practice & Learn)**



**A Look at the picture. Tell what you see.**

(লুক্ অ্যাট্ দা পিক্চা(র্) । টেল্ হোঅট্ ইউ সী ।)– ছবিটির দিকে তাকাও । তুমি কী দেখতে পাচ্ছো বলো ।



**Ans.**

In the picture I see a son and a daughter helping their parents in the garden.

[ইন্ দা পিক্চা(র) আই সী আ সন্ আন্ড্ আ ডটা(র) হেলপিং দেয়া(র) পেআরান্টস্ ইন দা গা:ড্ন্ ।]

– ছবিটিতে ছেলে এবং মেয়েকে তাদের বাবা-মাকে বাগানের কাজে সাহায্য করতে দেখা যাচ্ছে ।

**B Look, listen and say. Count and read.**

(লুক্, লিস্ন্ আন্ড্ সেই । কাউন্ট্ আন্ড্ রীড্ ।)– দেখো, শোনো এবং বলো । গণনা করো এবং পড়ো ।



| 6 | 7 | 8 | 9 | 10 |
|---|---|---|---|---|
| six (সিক্স্)– ছয় | seven (সেভ্ন্)– সাত | eight (এইট্)– আট | nine (নাইন্)– নয় | ten (টেন্)– দশ |

**C Read, Trace and write.**

(রীড্ । ট্রেইস্ আন্ড্ রাইট্ ।)– পড়ো । উপর দিয়ে হাত ঘোরাও এবং লেখো ।

six (ছয়) six

seven (সাত) seven

eight (আট) eight

nine (নয়) nine

ten (দশ) ten

**D** **Read and rearrange the letters (or, wooden/ plastic letters) to make words. Then match them with the figures.** [রীড্ আন্ড্ রীআরেইন্জ্ দা লেটা(র্)স্ {ও(র্) উড্ন্/প্লাস্টিক্ লেটা(র্)স্} টু মেইক্ ওয়া:ড্স্। দেন্ ম্যাচ্ দেম্ উইদ্ দা ফিগা(র্)স্।]– পড়ো এবং শব্দ তৈরি করতে বর্ণগুলোকে (অথবা কাঠের/প্লাস্টিকের বর্ণসমূহ) পুনরায় সাজাও। তারপর চিত্র/সংখ্যা/আকৃতির সাথে মিলাও।

**Ans.**

| | |
|---|---|
| 6 | six (সিক্স্)– ছয় |
| 7 | seven (সেভ্ন্)– সাত |
| 8 | eight (এইট্)– আট |
| 9 | nine (নাইন্)– নয় |
| 10 | ten (টেন্)– দশ |

**E** **Write the numbers from 1 to 10 in word. Read.**
(রাইট্ দা নাম্বা(র্)স্ ফ্রম্ ওয়ান্ টু টেন্ ইন্ ওয়া:ড্। রীড্।)– ১ থেকে ১০ পর্যন্ত কথায় লেখো। পড়ো।

**Ans.**

| | | | | |
|---|---|---|---|---|
| one<br>(ওয়ান্)–এক | two<br>(টু)– দুই | three<br>(থ্রী)–তিন | four<br>[ফো(র)]–চার | five<br>(ফাইভ্)–পাঁচ |
| six<br>(সিক্স্)–ছয় | seven<br>(সেভ্ন্)– সাত | eight<br>(এইট্)–আট | nine<br>(নাইন্)–নয় | ten<br>(টেন্)–দশ |

## UNIT-02 LESSON-05
## Rhyme
## (রাইম্) – অন্তমিলযুক্ত কবিতা/ছড়া

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা ছড়া পড়তে এবং গাছ লাগিয়ে যত্ন নিতে শিখবে।
Activity A-তে শিক্ষক শিক্ষার্থীদেরকে ছবি দেখিয়ে বস্তু চিনতে বলবেন। Activity B-তে তিনি ছড়া শোনাবেন এবং আবৃত্তি করতে সহায়তা করবেন। Activity C-তে ছড়াটি আবৃত্তি ও অভিনয় করে দেখাতে বলবেন। Activity D-তে শিক্ষার্থীরা শিক্ষক কিংবা পিতা-মাতার সাহায্য নিয়ে গাছ লাগাবে এবং যত্ন নেবে।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারবো–
- Listening to rhymes and respond with joy. (ছড়া শোনা এবং আনন্দের সাথে সাড়া দেওয়া।)
- Listening to cartoons and digital contents and respond with joy. (কার্টুন এবং ডিজিটাল অনুষ্ঠান শোনা এবং আনন্দের সাথে সাড়া দেওয়া।)

## VOCABULARY (ভক্যাবিউলারি)– শব্দভান্ডার

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| ground | গ্রাউন্ড্ | মাটি/ভূমি |
| grow | গ্রোউ | বড় হওয়া (জন্মানো) |
| little | লিট্ল্ | ক্ষুদ্র |
| plant | প্লান্ট্ | রোপন করা |
| rain drops | রেইন ড্রপ্স্ | বৃষ্টির ফোঁটা |
| recite | রিসাইট্ | আবৃত্তি করা |

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| rhyme | রাইম্ | ছড়া |
| round | রাউন্ড্ | বৃত্তাকার |
| seed | সীড্ | বীজ |
| slow | স্লো | ধীরে |
| soft | সফ্ট | কোমল |
| flower | ফ্লাওয়ার | ফুল |

## মূলপাঠ (TEXT) 2 অনুশীলন করি ও শিখে নিই (Let's Practice & Learn)

**A Look at the pictures. Say what you see.**
[লুক্ অ্যাট্ দা পিক্চা(র্)স্। সেই ওঅট্ ইউ সী।]– ছবিটির দিকে তাকাও। তুমি কী দেখছো বলো।



**Ans.**
In the picture I see two kids who put an okra seed in the soil. Rain and sunlight help the seed to grow as a plant. [ইন দা পিক্চা(র) আই সী টু কিড্স্ হু পুট আন ওক্রা সীড্ ইন দা সয়ল। রেইন্ আন্ড্ সানলাইট হেলপ্ দা সীড্ টু গ্রোউ অ্যাজ আ প্লান্ট্।]– ছবিতে আমি দুটি শিশু দেখতে পাচ্ছি, যারা মাটিতে একটি ঢেঁড়স বীজ বপন করছে। বৃষ্টি এবং সূর্যের আলো বীজটিকে একটি উদ্ভিদ হয়ে জন্মাতে সাহায্য করে।

**B Look, listen and recite.** (লুক্, লিস্ন্ আন্ড্ রিসাইট্।)– দেখো, শোনো এবং আবৃত্তি করো।




**Little Seed** (লিট্ল্ সীড্)– ছোট্ট বীজ
I plant a little seed (আই প্লান্ট্ আ লিট্ল্ সীড্।)
– বপন করি আমি একটি ছোট্ট বীজ
In the ground. (ইন দা গ্রাউন্ড্।)– মাটিতে।
Out comes the sun, (আউট কাম্স্ দা সান্,)– সূর্য ওঠে,
Big and round. (বিগ্ আন্ড্ রাউন্ড্)– বড় এবং গোলাকার।
Down come the rain drops, (ডাউন কাম্ দা রেইন ড্রপ্স্,)
– বৃষ্টির ফোঁটা পড়ে,
Soft and slow. (সফ্ট আন্ড্ স্লো)– কোমল ও ধীরে।
Up comes a flower, [আপ্ কাম্স্ আ ফ্লাওয়া(র)]
– একটি ফুল ফুটে,
Grow, grow, grow! (গ্রোউ, গ্রোউ, গ্রোউ!)– বড় হয়, বড় হয়, বড় হয়!




## Focus on Rhyme Rhyme কাকে বলে?

Rhyme (রাইম্) হচ্ছে অন্তমিলযুক্ত কবিতা বা ছন্দযুক্ত কবিতা। এসব কবিতায় নির্দিষ্ট বিরতিতে word-এর উচ্চারণে মিল পাওয়া যায়। যেমন : Text-B এর 'Little Seed' rhyme-এ ১ম চার লাইনের ২য় ও ৪র্থ লাইনের শেষে শব্দ দুটোর (ground-round) উচ্চারণে মিল রয়েছে।

এইভাবে, শেষ চার (৪) লাইনের slow এবং grow-এর মধ্যে উচ্চারণে মিল রয়েছে।

**C** **Recite the rhyme and act it out.** (রিসাইট্ দা রাইম্ আন্ড্ অ্যাক্ট ইট্ আউট্।)– ছড়াটি আবৃত্তি করো এবং এটি অভিনয় করো।

**Ans.** Do yourselves. (ডু ইয়োরসেল্ভ্স্।)– নিজেরা করো।

**D** **Project work** (প্রজেক্ট্ ওয়া:ক্)– প্রকল্প কাজ : **Plant a seed in the ground or in a tub. Take care and draw pictures of different stages.** [প্লান্ট্ আ সীড্ ইন দা গ্রাউন্ড্ ও(র) ইন আ টব্। টেইক্ কেয়া(র্) আন্ড্ ড্র পিক্চা(র্)স্ অভ্ ডিফ্রান্ট্ স্টেইজ্স্।]– মাটিতে অথবা টবে বীজ বপন করো। যত্ন নাও এবং ভিন্ন ভিন্ন পর্যায়ের চিত্র অঙ্কন করো।

**Ans.**

শিক্ষক কিংবা বাবা-মায়ের সাহায্যে বীজ বপন করো এবং নিয়মিত লক্ষ রেখে চিত্রগুলো অঙ্কন করো।



## UNIT-02 LESSON-06 Words for k K—o O

[ওয়া:ড্স ফ(র) কেই টু ওউ] – k K থেকে o O দিয়ে শুরু শব্দসমূহ

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা ছবি দেখে চিনতে এবং নতুন শব্দ শিখতে পারবে।

**Activity A**-তে শিক্ষক ছবি দেখিয়ে শিক্ষার্থীদের কিছু নাম শুনাবেন এবং বলতে বলবেন। **Activity B**-তে শিক্ষক ছবিগুলো আলাদাভাবে দেখাবেন এবং একই কাজ করবেন। **Activity C**-তে সেই নামগুলোর উপর হাত ঘুরিয়ে লিখতে বলবেন। **Activity D**-তে Letter উল্টোপাল্টা করা কিছু শব্দ ছবি দেখে পুনর্বিন্যাস করে লিখতে বলবেন। **Activity E**-তে ছবির সাথে নামগুলো মিলাতে বলবেন এবং শিক্ষার্থীদের যেটি ইচ্ছা সেটি আঁকতে বলবেন। **Activity F**-এ ছবির পাশে নাম লিখতে বলবেন। **Activity G**-তে একটি খেলা খেলতে বলবেন যাতে একটি ঝুড়ি থেকে একটি নাম তুলে সেটির নকল করে দেখাতে হবে। শিক্ষক এতে শিক্ষার্থীদের সহায়তা করবেন।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারবো–

- Reading aloud simple words using the sounds of letters and letter groups. (বর্ণ এবং বর্ণসমষ্টির ধ্বনি ব্যবহার করে সহজ শব্দগুলো উচ্চস্বরে পড়া।)
- Writing familiar words neatly and legibly. (পরিচিত শব্দগুলো পরিচ্ছন্ন ও স্পষ্টভাবে লেখা।)

### VOCABULARY (ভক্যাবিউলারি)– শব্দভাণ্ডার

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| kite | কাইট্ | ঘুড়ি |
| kitten | কিট্ন্ | বিড়ালছানা |
| ladder | ল্যাডা(র্) | মই |
| lion | লাইআন্ | সিংহ |
| lotus | লোটাস্ | পদ্ম |
| monkey | মাঙ্কি | বানর |

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| moon | মূন্ | চাঁদ |
| nest | নেস্ট্ | পাখির বাসা |
| net | নেট্ | জাল |
| orange | অরিন্জ্ | কমলালেবু |
| owl | আউল্ | পেঁচা |

## মূলপাঠ (TEXT) ৩ অনুশীলন করি ও শিখে নিই (Let's Practice & Learn)

**A Look at the picture. Listen and say the names.** [লুক অ্যাট্ দা পিক্‌চা(র)। লিস্‌ন্ আন্‌ড্ সেই দা নেইম্‌স্।]– ছবিটির দিকে তাকাও। শোনো এবং নামগুলো বলো।

**Ans.**




**B Look, listen and say. Read.** (লুক্ লিস্‌ন্ আন্‌ড্ সেই। রীড্।)– শোনো এবং বলো। পড়ো।

**Ans.**

k K



Kitten
(কিট্‌ন্)–বিড়ালছানা

l L



Ladder
[ল্যাডা(র)]–মই

m M



Monkey
(মাঙ্‌কি)–বানর

n N



Nest (নেস্‌ট্)–
পাখির বাসা

o O



Orange
(অরিন্‌জ্)–কমলালেবু

**C Read. Trace and write.**

(রীড্। ট্রেইস্ আন্‌ড্ রাইট্।)– পড়ো। উপর দিয়ে হাত ঘুরাও এবং লেখো।

| | |
|---|---|
| kitten (কিট্‌ন্)– বিড়ালছানা | kitten |
| ladder [ল্যাডা(র)]– মই | ladder |
| monkey (মাঙ্‌কি)– বানর | monkey |
| nest (নেস্‌ট্)– পাখির বাসা | nest |
| orange (অরিন্‌জ্)– কমলালেবু | orange |

**D** **Rearrange the letters to make words in the box. Or, rearrange the wooden/ plastic letters to make the following words.** [রিআরেইন্‌জ্ দা লেটা(র)স্ টু মেইক ওয়া:ড্‌স্ ইন দা বক্‌স্। ও(র), রিআরেইন্‌জ্ দা উড্‌ন/প্লাস্‌টিক্ লেটা(র)স্ টু মেইক দা ফলোইং ওয়া:ড্‌স্।]– শব্দ তৈরি করতে বক্সের বর্ণগুলোকে পুনরায় সাজাও। অথবা, নিচের শব্দগুলো তৈরি করতে কাঠের/প্লাস্টিকের বর্ণগুলোকে পুনরায় সাজাও।

**Ans.**



nest (নেস্‌ট্)– পাখির বাসা

nest



moon (মূন)– চাঁদ

moon



kitten (কিট্‌ন্)–বিড়ালছানা

kitten



orange (অরিন্‌জ্)–কমলালেবু

orange



ladder [ল্যাডা(র্)]–মই

ladder



monkey (মাঙ্‌কি)–বানর

monkey

**E** **Read and match. Then draw which one you like.** (রীড্ আন্‌ড্ ম্যাচ্। দেন ড্র হুইচ্ ওয়ান ইউ লাইক্।)– পড়ো এবং মিল করো। তারপর তুমি যেটা পছন্দ করো সেটা আঁকো।

**Ans.**




**F** **Write the names beside the pictures.** [রাইট দা নেইম্‌স্ বিসাইড্ দা পিক্‌চা(র)স্।]– ছবিগুলোর পাশে নাম লেখো।



**G Game.** (গেইম।)– খেলা।

**Pick up a word card from the basket. If you pick up the word "monkey", show what it is by miming. (Continue .......)** [পিক্ আপ আ ওয়া:ড্ কা:ড্ ফ্রম দা বাস্কেট্। ইফ্ ইউ পিক আপ দা ওয়া:ড্ "মাঙকি", শো হোঅট ইট ইজ বাই মাইমিং। (কান্টিনিউ......)]– ঝুড়ি থেকে একটি শব্দ কার্ড তুলে নাও। যদি তুমি "বানর" শব্দ কার্ড তুলো, তবে এটি কী তা অনুকরণ করে দেখাও। (চলবে........)




**Ans.** Do yourselves. (ডু ইয়োরসেল্ভ্স্)– নিজেরা করো।

## UNIT-02 LESSON-07

## Numbers 11-15
## [নাম্বা(র্)স্ ইলেভ্ন্ টু ফিফ্টীন্] – ১১ থেকে ১৫ সংখ্যা

### পাঠদান কৌশল

এ Lesson-টি অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা সংখ্যা গণনা করতে এবং লিখতে শিখবে।

**Activity A**-তে শিক্ষক গণনা করতে শেখাবেন এবং পড়তে বলবেন। **Activity B**-তে সংখ্যাগুলোকে অঙ্কে লিখতে বলবেন। **Activity C**-তে শিক্ষক একটি খেলা খেলাবেন যাতে শিক্ষার্থীরা অঙ্কের কার্ড নিয়ে সংখ্যা তৈরি করবে।

### অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারবো—

- Reading aloud cardinal numbers in figures properly. (অঙ্কে লেখা অঙ্কবাচক সংখ্যাগুলো যথাযথভাবে উচ্চস্বরে পড়া।)
- Writing cardinal numbers in figures neatly and legibly. (অঙ্কবাচক সংখ্যাগুলো পরিচ্ছন্ন ও স্পষ্টভাবে অঙ্কে লেখা।)

### VOCABULARY (ভক্যাবিউলারি)– শব্দভাণ্ডার

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| continue | কান্টিনিউ | চালিয়ে যাওয়া |
| eleven | ইলেভ্ন্ | এগারো |
| fifteen | ফিফ্টীন্ | পনেরো |
| fourteen | ফো:টীন | চৌদ্দ |

| WORD | উচ্চারণ | বাংলা অর্থ |
|---|---|---|
| number | নাম্বা(র) | সংখ্যা |
| thirteen | থা:টীন্ | তেরো |
| twelve | টোওয়েল্ভ্ | বারো |

### মূলপাঠ (TEXT) অনুশীলন করি ও শিখে নিই (Let's Practice & Learn)

**A Listen, say and count after teacher. Read.** [লিস্ন্, সেই আন্ড্ কাউন্ট্ আফ্টা(র্) টীচা(র্)। রীড্]– শোনো, শিক্ষকের পরে বলো এবং গণনা করো। পড়ো।



11 (ইলেভ্ন্)– এগারো



12 (টোওয়েল্ভ্)– বারো



13 (থা:টীন্)– তেরো



14 (ফো:টীন্)–চৌদ্দ



15 (ফিফ্টীন্)–পনেরো

ইংরেজি

**B Read and write.** (রীড্ আন্ড্ রাইট্)– পড়ো এবং লেখো।

| 11 | 12 | 13 | 14 | 15 |
|---|---|---|---|---|
| (ইলেভ্ন্)– এগারো | (টোওয়েল্ভ)– বারো | (থা:টীন্)– তেরো | (ফো:টীন্)–চৌদ্দ | (ফিফ্টীন্)–পনেরো |
| .................... | .................... | .................... | .................... | .................... |

**C Game.** (গেইম্)– খেলা।

**Pairwork** [পেয়া(র)ওয়া:ক্]– যুগ্মকাজ : Every student takes a number card or wooden or plastic number in figures 1 to 5. They make numbers like 11/12/13/14/15 and write them down. (Continue........) : [এভ্রি স্টুউডন্ট্ টেইক্স্ আ নাম্বা(র) কা:ড্ ও(র) উড্ন ও(র) প্লাস্টিক্ নাম্বা(র) ইন্ ফিগা(র)স্ ওয়ান টু ফাইভ্। দেই মেইক্ নাম্বা(র)স্ লাইক্ ইলেভ্ন্/টোওয়েল্ভ/থা:টীন্/ফো:টীন/ফিফ্টীন আন্ড্ রাইট দেম্ ডাউন্। (কান্টিনিউ....... ।)]– প্রত্যেক শিক্ষার্থী এক থেকে পাঁচ সংখ্যার সংখ্যা কার্ড অথবা কাঠের অথবা প্লাস্টিকের সংখ্যা নিবে। তারা সংখ্যা যেমন– এগারো, বারো, তেরো, চৌদ্দ, পনেরো তৈরি করবে এবং সেগুলো লিখবে। (চলবে..........)

........................... ........................... ...........................

........................... ...........................

**Ans.**

| 11 | 12 | 13 | 14 | 15 |
|---|---|---|---|---|
| (ইলেভ্ন্)– এগারো | (টোওয়েল্ভ)– বারো | (থা:টীন্)– তেরো | (ফো:টীন্)– চৌদ্দ | (ফিফ্টীন্)– পনেরো |

## UNIT-02 LESSON-08

## Words for p P–t T

[ওয়া:ড্স্ ফ(র) পী টু টী] – p P থেকে t T দিয়ে শুরু শব্দসমূহ

### পাঠদান কৌশল

